



খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর

Web: www.kmu.ac.bd

স্মারক নং: খুমেবি/প.নি./এমবিবিএস মে-২০২৬ ফরম পূরণ/০৭৯/২০২৬/১৯২৭

তারিখ: ১৬ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
০১ অক্টোবর, ২০২৬ খ্রি:

১ম, ২য় ও ৩য় পেশাগত এমবিবিএস পরীক্ষা, মে-২০২৬ (অনুষ্ঠিতব্য নভেম্বর-২০২৬) এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর অধিভুক্ত সকল মেডিকেল কলেজে ভর্তিকৃত শিক্ষার্থীদের ১ম, ২য় ও ৩য় পেশাগত এমবিবিএস পরীক্ষা, মে-২০২৬ আগামী ১৪/১১/২০২৬ ইং তারিখ হতে শুরু হবে। উল্লিখিত পরীক্ষার ফরম পূরণ অনলাইনের মাধ্যমে আগামী ০৮/১০/২০২৬ ইং তারিখ হতে ১২/১০/২০২৬ ইং তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। পরবর্তীতে অনলাইন হতে ডাউনলোডকৃত পরীক্ষার্থীর আবেদন ফরম ও প্রবেশপত্র আগামী ১৫/১০/২০২৬ ইং তারিখ অফিস চলাকালীন সময়ে খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমাদানপূর্বক স্বাক্ষরযুক্ত প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। ১৩/১০/২০২৬ ইং তারিখ হতে অনলাইন কার্যক্রম বন্ধ হয়ে যাবে। উল্লেখ্য, যে সকল শিক্ষার্থী উল্লিখিত সময়ের মধ্যে ফরম পূরণ করতে ব্যর্থ হবে তাদেরকে আগামী ১৪/১০/২০২৬ ইং তারিখে অতিরিক্ত ১,০০০ টাকা বিলম্ব ফি সহকারে ফরম পূরণ করার সুযোগ দেয়া হবে। ১৫/১০/২০২৬ ইং তারিখের পরে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে কোনো ফরম জমা অথবা গ্রহণ করা হবেনা।

পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে ফরম জমাদানের সময় প্রয়োজনীয় কাগজপত্রের বিবরণ:

১. অনলাইন হতে ডাউনলোডকৃত পরীক্ষার্থীর আবেদন ফরম, ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত ফটোকপি।
২. অনলাইন হতে ডাউনলোডকৃত পরীক্ষার্থীর প্রবেশপত্র (কালারপ্রিন্ট)
৩. সকল কাগজপত্র একটি ফরওয়ার্ডিং লেটারসহ কলেজ প্রতিনিধির মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে প্রেরণ করতে হবে।

ফরম পূরণের জন্য প্রয়োজনীয় ফি এর বিবরণ

ক্র নং	ফি'র বিবরণ	টাকার পরিমাণ
০১.	১ম, ২য় ও ৩য় পেশাগত এমবিবিএস পরীক্ষা, মে-২০২৬- প্রতি বিষয় (তত্ত্বীয়)	১৫০০/-
০২.	১ম, ২য় ও ৩য় পেশাগত এমবিবিএস পরীক্ষা, মে-২০২৬- ব্যবহারিক পরীক্ষার ফি (প্রতি শিক্ষার্থী প্রতি টার্মের জন্য)	১৫০০/-
০৩.	পরীক্ষা কেন্দ্র নবায়ন ফি (সরকারি মেডিকেল কলেজ)	২৫,০০০/-
০৪.	পরীক্ষা কেন্দ্র নবায়ন ফি (বেসরকারি মেডিকেল কলেজ)	২,০০,০০০/-
০৫.	পরীক্ষা কেন্দ্র পরিচালনা ফি (কলেজ কর্তৃপক্ষের অভ্যন্তরীণ ব্যয় নির্বাহের জন্য) প্রতি পরীক্ষার্থী	১৫০০/-
০৬.	পরীক্ষা পরিদর্শন ফি (ভিজিটর) বেসরকারি মেডিকেল কলেজ প্রতিদিন ১০,০০০ X ২	২০,০০০/-
০৭.	বিলম্ব ফি	১,০০০/-

** পরীক্ষার্থীর ফরম ফিলাপ করার সময় <https://kmu.breachsoft.com/admit/public/login> এর Exam Form Fillup লিংকে প্রবেশ করে তথ্যাদি আপলোড করতে হবে এবং টাকা জমাদানের জন্য জনতা ব্যাংক লিমিটেড, নিরলা শাখায়, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এর ০১০০২৩২০৭৮৭৬১ নং হিসাবে জমা দিয়ে জমাদানের রশিদ ফরওয়ার্ডিং লেটারসহ পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তরে জমা দিতে হবে।

বিঃদ্র: পরীক্ষা কেন্দ্র পরিচালনা ফি পরীক্ষা চলাকালে অভ্যন্তরীণ ব্যয়ের জন্য স্ব স্ব কলেজ কর্তৃপক্ষের নিকট রাখার জন্য অনুরোধ করা হলো।

উপাচার্যের নির্দেশক্রমে

Naomih
01/10/2026

(ডা. নাহারিন আক্তার)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

তারিখ: ১৬ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
০১ অক্টোবর, ২০২৬ খ্রি:

স্মারক নং: খুমেবি/প.নি./এমবিবিএস মে-২০২৬ ফরম পূরণ/০৭৯/২০২৬/১৯২৭(২৮)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১) কোষাধ্যক্ষ, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।
- ২) ডিন, সকল অনুষদ, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।
- ৩) অধ্যক্ষ, খুলনা মেডিকেল কলেজ, খুলনা/সাতক্ষীরা মেডিকেল কলেজ, সাতক্ষীরা/যশোর মেডিকেল কলেজ, যশোর/কুষ্টিয়া মেডিকেল কলেজ, কুষ্টিয়া/মাগুরা মেডিকেল কলেজ, মাগুরা/গাজী মেডিকেল কলেজ, খুলনা/খুলনা সিটি মেডিকেল কলেজ, খুলনা/আদ-দ্বীন আকিজ মেডিকেল কলেজ, খুলনা/আদ-দ্বীন সাকিনা উইমেন্স মেডিকেল কলেজ, যশোর।
- ৪) পরিচালক (অর্থ ও হিসাব), খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।
- ৫) পিএস টু ভিসি, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। (বিষয়টি উপাচার্যের দৃষ্টিগোচরের অনুরোধসহ)
- ৬) সহকারী প্রোগ্রামার, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ৭) পিও টু রেজিস্ট্রার, খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়।
- ৮) নোটিশ বোর্ড।
- ৯) দপ্তর নথি/সংরক্ষণ নথি

Naomih
01.10.2026

(রাওজিয়া খানম আখি)

প্রশাসনিক কর্মকর্তা (পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর)

খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়